যুবদলের মিছিলে যুবলীগের হামলা, মোটরসাইকেল ভাঙচুর-আগুন



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের ফটিকছড়িতে যুবদলের মোটরসাইকেল মিছিল ঘিরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৩০টি মোটরসাইকেল ক্ষতিগ্রস্ত হয়েছে। কয়েকটি মোটরসাইকেল নিয়ে যাওয়ার পাশাপাশি একটিতে আগুন দেওয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের দায়ী করেছেন স্থানীয় বিএনপির নেতারা।

শনিবার (২১ নভেম্বর) বিকেলে উপজেলার নানুপুর ইউনিয়নের কিপাইতনগর গ্রামে এ ঘটনা ঘটে।

ফটিকছড়ি উপজেলা কৃষকদলের সদস্য মো. আকিবের ভাষ্য, বিকেলে যুবদলের একটি মোটরসাইকেল মিছিল কিপাইতনগর এলাকায় পৌঁছালে নিষিদ্ধ ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মীরা অতর্কিতে হামলা চালান। এ সময় মিছিলে অংশ নেওয়া ব্যক্তিদের মোটরসাইকেল ভাঙচুর করা হয় এবং কয়েকটিতে আগুন দেওয়া হয়।

আকিব আরও জানান, হামলায় যুবদল ও ছাত্রদলের বেশ কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন। তাদের ফটিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে।

ঘটনার খবর ছড়িয়ে পড়লে বিএনপি, যুবদল, ছাত্রদলসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ঘটনাস্থলে অবস্থান নেন।

ফটিকছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল আলম খান বলেন, হামলাকারীদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।